101/Beng(N) UG/1st Sem/BENG-CC-101/23

# ২০২৩

# বাংলা

(মেজর)

(এন ই পি পদ্ধতি অনুযায়ী নতুন পাঠক্রম)

প্রথম সেমেস্টার

কোর্স কোড : BENG-CC-101

## বাংলা সাহিত্যের ইতিহাস (প্রাচীন ও মধ্যযুগ) ও বাংলা ভাষাতত্ত্ব (প্রথম ভাগ)

পূর্ণমান : ৬০ সময় : ২ ঘন্টা ৩০ মিনিট

*দক্ষিণ প্রান্তস্থ সংখ্যাগুলি প্রশ্নমান নির্দেশক।*

*প্রশ্নগুলির উত্তর যথাসম্ভব নিজের ভাষায় লেখা প্রয়োজন।*

১। যে-কোনো দশটি প্রশ্নের উত্তর দাও : ২×১০=২০

ক) চর্যাপদে কতজন পদকর্তার উল্লেখ আছে? প্রাচীনতম পদকর্তা কে?

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটি কার লেখা? কাব্যটি কবে প্রকাশিত হয়?

গ) 'গুণরাজ খাঁ' কার উপাধি? তাঁর লেখা গ্রন্থের নাম কী?

ঘ) প্রাক্‌চৈতন্যযুগের একজন বিখ্যাত রামায়ণ অনুবাদকের নাম লেখো। তিনি কোথায় জন্মগ্রহণ করেন?

ঙ) পূর্বভারতের 'কবিসার্বভৌম' কাকে বলা হয়? তাঁর রচিত একটি গ্রন্থের নাম লেখো।

চ) 'মনসামঙ্গল' কাব্যের দু'জন পূর্ববঙ্গধারার কবির নাম করো।

ছ) বাংলা ভাষায় মহাভারতের প্রথম অনুবাদক কবি কে ছিলেন? তিনি কার আদেশে গ্রন্থটি লিখেছিলেন?

জ) 'ধর্মমঙ্গল' কাব্যের আদি কবি কে ছিলেন? তাঁর রচিত গ্রন্থটির নাম কী?

ঝ) "নিরঞ্জন - সৃষ্টি নর অমূল্য রতন।
ত্রিভুবনে নাহি কেহ তাহার সমান।।"
— কার লেখা কোন্ রচনার অংশ?

[পরের পাতায়]

ঞ) 'চৈতন্যভাগবত' গ্রন্থের দুটি বিশেষত্ব লেখো।

ট) লিপি কাকে বলে? কোন্ লিপি থেকে বাংলা লিপির উদ্ভব হয়?

ঠ) প্রকাশকালসহ দৌলত কাজীর গ্রন্থের নাম লেখো।

ড) 'অর্ধসংবৃত' ও 'অর্ধবিবৃত' স্বরধ্বনি কাকে বলে? উদাহরণ দাও।

ঢ) প্রাচীন ভারতীয় আর্যভাষার বিস্তৃতিকাল উল্লেখ করে এই ভাষার একটি সাহিত্যিক নিদর্শনের নাম লেখো।

ণ) আন্তর্জাতিক ধ্বনিমূলক বর্ণমালার দুটি মূল নীতির উল্লেখ করো।

২। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও : ৫×৪=২০

ক) তুর্কি আক্রমণের ইতিবাচক দিকগুলি উল্লেখ করো।

খ) বাংলা সাহিত্য ও সমাজে চৈতন্যদেবের অবদান সংক্ষেপে লেখো।

গ) শাক্তপদ রচনায় কবি রামপ্রসাদ সেনের অবদান উল্লেখ করো।

ঘ) সৈয়দ আলাওলের 'পদ্মাবতী' কাহিনীর উৎস নির্দেশ করে কবির কাব্য প্রতিভার পরিচয় দাও।

ঙ) ভাষার সংজ্ঞা লেখো। এর বৈশিষ্ট্যের উল্লেখ করো। ২+৩

চ) প্রাচীন ভারতীয় আর্যভাষার বৈশিষ্ট্যগুলি লেখো।

৩। যে-কোনো দুটি প্রশ্নের উত্তর দাও : ১০×২=২০

ক) চর্যাপদে বিধৃত দেশ-কাল-সমাজের পরিচয় দাও।

খ) 'শ্রীকৃষ্ণকীর্তন' কাব্যটির বিষয়বস্তু সংক্ষেপে আলোচনা করে কাব্যটির সাহিত্যিক মূল্য নির্ণয় করো।

গ) চণ্ডীমঙ্গল কাব্য রচনায় কবিকঙ্কণ মুকুন্দ চক্রবর্তীর কবি প্রতিভার পরিচয় দাও।

ঘ) প্রাচীন বাংলা ভাষার ভাষাতাত্ত্বিক বৈশিষ্ট্য আলোচনা করো।

---